# AKASHVANI(AIR)
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 20-06 2026** **Time: 7.50 PM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, অপশাসনের অবসান ঘটিয়ে পশ্চিমবঙ্গ এখন বিকাশের পথে এগিয়ে চলেছে।

আজ হুগলীর তারকেশ্বরে পশ্চিমবঙ্গ দিবস পালনের মূল অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি বলেন, বাংলার জন্য যে স্বপ্ন শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের মত বিশিষ্টরা দেখেছিলেন, সেগুলিকে বাস্তব রূপ দেওয়ার সময় এসেছে।

২) প্রধানমন্ত্রী এদিন অনুষ্ঠান মঞ্চ থেকে কিষাণ সম্মান নিধি যোজনার ২৩ তম কিস্তি প্রদান করেছেন। বহু কোটি টাকার একাধিক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেছেন তিনি।

৪) রাজ্যপাল রবীন্দ্র নারায়ণ রবি বলেছেন, বিকশিত ভারতের রূপান্তরে পশ্চিমবঙ্গের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ হয়ে উঠবে।

৪) আগামীকাল কলকাতায় আন্তর্জাতিক যোগ দিবস উদযাপনের জন্য শেষ মুহূর্তের প্রস্তুতি চলেছে। এই প্রথম কলকাতায় যোগ দিবসের মূল অনুষ্ঠান হচ্ছে। প্রধানমন্ত্রী এতে যোগ দেবেন।

৫) সক্রিয় মৌসুমী বায়ু এবং অত্যধিক জলীয় বাষ্প বাতাসে প্রবেশ করায় উত্তরবঙ্গে হিমালয় সন্নিহিত জেলাগুলিতে অতিভারি থেকে অত্যন্ত ভারি বৃষ্টির সতর্কতা। দক্ষিণবঙ্গে বিভিপ্তভাবে হাল্কা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে।

---------------------------------------------------------------------------------------------------

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ রাজ্য জুড়ে পশ্চিমবঙ্গ দিবস পালিত হচ্ছে। ১৯৪৭ সালের বিশে জুন শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় সহ বহু বিশিষ্টদের প্রয়াসে আইনসভায় ভোটাভুটির মাধ্যমে অবিভক্ত বাংলা ভাগের প্রস্তাব গৃহীত হয়। সৃষ্টি হয় পশ্চিমবঙ্গ রাজ্যের। এর আগে, এপ্রিল মাসে তারকেশ্বর মহাসম্মেলনে বঙ্গদেশের পশ্চিমাংশ হিন্দু বাঙালির জন্য চিহ্নিত করার দাবি জানানো হয়। পশ্চিমবঙ্গ দিবস উপলক্ষ্যে মূল অনুষ্ঠানটির আয়োজন করা হয়েছে হুগলীর তারকেশ্বরে। ভাষনে প্রধানমন্ত্রী বলেন, অপশাসনের অবসান ঘটায় পশ্চিমবঙ্গ ফের সমৃদ্ধির পথে ফিরেছে। পশ্চিমবঙ্গের হারানো গৌরব ফিরে এসেছে। সঠিক সিদ্ধান্ত নেওয়ার জন্য রাজ্যের মানুষকে তিনি ধন্যবাদ জানান। প্রধানমন্ত্রী বলেন স্বাধীনতার পর বাংলার জন্য যে স্বপ্ন শ্যামাপ্রসাদ মুখপাধ্যায়ের মতো বিশিষ্ট মানুষেরা দেখেছিলেন সেগুলিকে এবার বাস্তব রূপ দেওয়ার সময় এসেছে।

বাইট

প্রধানমন্ত্রী বলেন সমগ্র বাংলাকে যখন পাকিস্তানের অংশ করার চেষ্টা হচ্ছিল, তখন কংগ্রেস সেই ষড়যন্ত্রকারীদের সামনে আত্মসমর্পণ করেছিল। শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের চেষ্টায় হিন্দুরা তাঁদের নিজস্ব জমি পেয়েছেন, স্পষ্ট বলেছিলেন যে পশ্চিমবঙ্গকে পাকিস্তানের অংশ করা যাবে না।

বাইট

তিনি বলেন, ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারতের লক্ষ্যে মিশন পূর্বোদয় নীতি নিয়েছে কেন্দ্রীয় সরকার। এক্ষেত্রে পশ্চিমবঙ্গের ভূমিকা গুরুত্বপূর্ণ। মানুষের অধিকার সুরক্ষিত করা এবং রাজ্যের সার্বিক উন্নয়নে এখন কেন্দ্রীয় সরকারের মূল ফোকাস বলে তিনি উল্লেখ করেন।

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেন, পশ্চিমবঙ্গের ভারত অন্তর্ভুক্তির জন্য শ্যামাপ্রসাদের নেতৃত্বে ১৯৪৭ এর ৪ থেকে ৭ এপ্রিল তারকেশ্বরে হিন্দু মহাসম্মেলন হয়েছিল। আইনসভায় পশ্চিমবঙ্গের ভারত ভুক্তির প্রস্তাব পাশ হয়। আগের কংগ্রেস, বামফ্রন্ট এবং তৃণমূল কংগ্রেসের সরকার শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের অবদান ভুলিয়ে দিতে পশ্চিমবঙ্গ দিবস পালন করেনি বলে অভিযোগ করেন মুখ্যমন্ত্রী।

বাইট

তিনি জানান, রাজ্য সরকার হুগলির জিরাটে শ্যামাপ্রসাদের পৈতৃক বাড়ি অধিগ্রহণ করে সংরক্ষণ করবে। কলকাতায় শ্যামাপ্রসাদের ১২৫ ফুট উঁচু মূর্তি প্রতিষ্ঠা করা হবে। ৬ই জুলাই তাঁর ১২৫ তম জন্মজয়ন্তী সাড়ম্বরে পালন করবে রাজ্য সরকার।

প্রধানমন্ত্রী এদিন ওড়িশা থেকে সরাসরি রাজ্যে আসেন। সেনাবাহিনীর চপারে তারকেশ্বরে অবতরনের পর তাঁকে স্বাগত জানান রাজ্যপাল রবীন্দ্র নারায়ন রবি, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। রাজ্য বিজেপির অনেকেই সেখানেই উপস্থিত ছিলেন।

এদিকে, রাজ্য বিধানসভাতেও আজ যথাযথ মর্যাদায় পশ্চিমবঙ্গ দিবস পালিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অধ্যক্ষ রথীন্দ্র বোস। তিনি বলেন, এই বিধানসভাতেই পশ্চিমবঙ্গ গড়ে তোলার প্রস্তাবনা গৃহীত হয়েছিল। পশ্চিমবঙ্গ গড়ে তোলার এই ইতিহাস আগামী প্রজন্মের কাছে তুলে ধরার জন্য অধ্যক্ষ সবার কাছে আবেদন জানান।

বিশিষ্ট শিক্ষাবিদ মোহিত রায় বিধান সভায় পশ্চিমবঙ্গ দিবসের প্রেক্ষাপট নিয়ে বক্তব্য রাখেন। আকাশবাণীকে দেওয়া একান্ত সাক্ষাৎকারে শ্রী রায় জানালেন-

বাইট

কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রক এর পূর্বাঞ্চল সংস্কৃতি কেন্দ্র EZCC এবং সংস্কার ভারতী পশ্চিমবঙ্গ, দক্ষিনবঙ্গ প্রান্তের যৌথ উদ্যোগে আজ বিধাননগরে পশ্চিমবঙ্গ দিবস উদযাপিত হয়। উপস্থিত ছিলেন রাজ্যের মন্ত্রী ডক্টর কল্যাণ চক্রবর্তী, EZCC-র অধিকর্তা আশিস গিরি, সংস্কার ভারতী দক্ষিণবঙ্গের সভাপতি ডক্টর সরূপ প্রসাদ ঘোষ প্রমুখ।

--------------------------------

পশ্চিমবঙ্গ দিবসের অনুষ্ঠান মঞ্চ থেকে প্রধানমন্ত্রী এদিন বহু কোটি টাকার একাধিক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেছেন। অনুষ্ঠান মঞ্চ থেকে শ্রী মোদী 'প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি' প্রকল্পের ২৩-তম কিস্তির টাকা প্রদান করেন। সারা দেশের ৯'কোটি ৪৪ লক্ষের'ও বেশী কৃষকের ব্যাঙ্ক অ্যাকাউন্টে সরাসরি ১৮ হাজার ৮৮০ কোটি টাকা পাঠানো হয়েছে। এর মধ্যে পশ্চিমবঙ্গের ৪৫ লক্ষ ৩৫ হাজারেরও বেশি কৃষক এই কিস্তি বাবদ ৯০৭ কোটি টাকা পাচ্ছেন ।

শ্রী মোদী এই উপলক্ষ্যে পশ্চিমবঙ্গের জন্য বেশ কিছু গুরুত্বপূর্ণ কৃষি সহায়ক উদ্যোগেরও সূচনা করেছেন। এর মধ্যে আছে 'প্রধানমন্ত্রী ফসল বিমা যোজনা' ও পুনর্গঠিত আবহাওয়া ভিত্তিক ফসল বিমা প্রকল্প। এই প্রকল্পে ২০২৬-২৭ আর্থিক বছরে এক কোটি ১০ লক্ষের বেশী কৃষককে বিমার আওতায় আনা হচ্ছে।

এছাড়াও প্রধানমন্ত্রী আজ প্রায় ৫৯০ কোটি টাকার রেল প্রকল্পেরও উদ্বোধন ও শিলান্যাস করেছেন। ৮২০ কোটি টাকার একটি উন্নয়ন প্যাকেজের সূচনা করেন তিনি।

প্রধানমন্ত্রী কলকাতায় লোকভবনে আজ রাত্রিবাস করবেন। রেড রোডে আগামীকাল সকালে দ্বাদশ আন্তর্জাতিক যোগ দিবসের মূল অনুষ্ঠানে নেতৃত্ব দেবেন শ্রী মোদী। একটি প্রতিবেদন

ভয়েসকাস্ট

--------------------------------

রাজ্যপাল রবীন্দ্র নারায়ন রবি বলেছেন, বর্তমানে দেশ বিকশিত ভারত হয়ে ওঠার পথে এগিয়ে চলেছে। ভারতের এই রূপান্তরে পশ্চিমবঙ্গের ভূমিকা গুরুত্বপূর্ন। বাংলার মানুষের দক্ষতা, জ্ঞান, অভিজ্ঞতা, সৃজনশীলতা, নতুন কিছু করার উদ্যম এই পথে সহায়ক হয়ে উঠবে বলে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন তিনি।

--------------------------------

ডাক্তারিতে স্নাতকস্তরে ভর্তির প্রবেশিকা NEET UG পরীক্ষা ফের আগামীকাল নেওয়া হবে। এই উপলক্ষ্যে পূর্ব রেলের শিয়ালদা ও হাওড়া ডিভিশন বিশেষ EMU ও MEMU ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে।

--------------------------------

বিশিষ্ট সাংবাদিক দীপঙ্কর মুখোপাধ্যায়ের জীবনাবসান হয়েছে। বয়স হয়েছিল ৭৭ বছর। বয়সজনিত কারণে গতরাতে তিনি শেষ নিশ্বাস ত্যাগ করেন। ইন্ডিয়ান ইনফরমেশন সার্ভিসের বরিষ্ঠ আধিকারিক হিসেবে তিনি আকাশবাণী দূরদর্শন এবং পিআইবি-তে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন। এছাড়াও তিনি আকাশবাণীর দক্ষিণ এশিয়া সংবাদদাতা হিসেবেও কাজ করেছেন।

--------------------------------

আগামীকাল আন্তর্জাতিক যোগ দিবসে কলকাতায় ভারি বৃষ্টির সতর্কবার্তা নেই বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। তবে সক্রিয় মৌসুমী বায়ু এবং বঙ্গোপসাগর থেকে অত্যধিক জলীয় বাষ্প প্রবেশ করায় দক্ষিণবঙ্গের প্রায় সব জায়গায় হাল্কা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে। পূর্ব ও পশ্চিম বর্ধমান, বীরভূম, মুর্শিদাবাদ, পুরুলিয়া ও হুগলীর কিছু অংশে বজ্রবিদ্যুত্ সহ ঝড় বৃষ্টি হতে পারে।

আবহবিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন, উত্তরবঙ্গের হিমালয় সন্নিহিত জেলাগুলির মধ্যে দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার, আলিপুরদুয়ার ও কালিম্পং-এ অতি ভারি থেকে অত্যন্ত ভারি বৃষ্টির সতর্কতা জারি হয়েছে। মালদা ও দুই দিনাজপুরে হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস।

------------------------------ ------------------------------